অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং-১৮৭ তারিখ: ১২/১২/২০২৩ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রি (পাস) কোর্সে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| | |
|---|---|
| ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি। | ডিগ্রি (পাস) কোর্সে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (**www.nu.ac.bd/admissions**) **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে ১৪/১২/২০২৩ তারিখ হতে ২০/১২/২০২৩ তারিখের মধ্যে প্রিন্ট কপি নিতে হবে। উল্লেখ্য যে, ২০/১২/২০২৩ তারিখের পর ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না। |
| ভর্তির ফি প্রদানের নিয়মাবলি | ডিগ্রি (পাস) কোর্সে ভর্তির জন্য ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (**https://chandpurcollege.eshiksacms.com/**) লিংকে গিয়ে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে **admission** বাটনে ক্লিক করে **Click New Admission** অপশনে গিয়ে গ্রুপ (ডিগ্রি), নির্বাচিত কোর্স, ভর্তি আবেদনের রোল দিয়ে **Check For Admission** এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা গুচ্ছ অনুযায়ী বিষয় পূরণপূর্বক **Submit** করে প্রিন্ট নিতে হবে। **Submit** করার পর বিকাশ/নগদ/উপায় অ্যাপস্ এ প্রবেশ করে **Education Fee**/পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ **Select** করে **Student ID** স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে ১৪/১২/২০২৩ তারিখ হতে ২০/১২/২০২৩ তারিখের মধ্যে পেমেন্ট সম্পন্ন করতে হবে। |
| ভর্তি ফি | ক) বিএ/বিএসএস (ভূগোল ছাড়া)- ৩৪৪৫/- খ) বিএ/বিএসএস (ভূগোলসহ)- ৩৫৬৫/-<br>গ) বিবিএস- ৩৪৪৫/- ঘ) বি.এসসি (পাস)- ৩৫৬৫/- |
| ভর্তির ফরম জমা দেওয়ার নিয়মাবলি | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর জাতীয় বিশ্ববিদ্যালয় ও eshiksabd হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি, এস এস সি ও এইচ এস সি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ ফি পরিশোধের পেমেন্ট কপি কলেজ অফিসে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ভর্তি ফরম কলেজ অফিসে জমা না দিলে ভর্তি সংক্রান্ত জটিলতার জন্য সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী দায়ী থাকবে। |
| ভর্তির ফরম কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ | ১৪/১২/২০২৩ তারিখ হতে ২০/১২/২০২৩ তারিখ পর্যন্ত।<br>সকাল: ১০:০০টা হতে দুপুর: ২:০০টা পর্যন্ত। |

অন্যান্য নিয়মাবলি:

১। দ্বৈত ভর্তি সম্পর্কে জরুরী নির্দেশনা: ডিগ্রি (পাস)-১ম বর্ষ কোর্সে ১ম রিলিজ স্লিপের ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট অথবা স্নাতক (সম্মান) শ্রেণিতে বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৯/১২/২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস)-১ম বর্ষের নিয়মিত কোর্সের ক্লাস ২৯/১০/২০২৩ তারিখ রোজ রবিবার হতে শুরু হয়েছে।

| ভর্তিচ্ছুক কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বি এ (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১মবর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | নিম্নের প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।<br>ক গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।<br>খ গুচ্ছ ঃ দর্শন/ভূগোল ও পরিবেশ।<br>গ গুচ্ছ ঃ অর্থনীতি/ সমাজকর্ম/ রাষ্ট্রবিজ্ঞান।<br>ঘ গুচ্ছ ঃ ইসলাম শিক্ষা |
| খ) বি এস এস (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টিসহ মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ ঃ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজকর্ম<br>খ গুচ্ছ ঃ ভূগোল ও পরিবেশ/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলাম শিক্ষা/ দর্শন। |
| গ) বি এসসি (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ থেকে ০২ (দুই)টিসহ খ গুচ্ছ থেকে ০১(এক)টি অথবা গ গুচ্ছ থেকে ০২(দুই)টিসহ ঘ গুচ্ছ থেকে একটি মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে। নির্বাচিত বিষয়সমূহ উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় গঠিত হিসাবে থাকতে হবে। তবে ভূগোল ও পরিবেশ বিষয়ের ক্ষেত্রে শর্তটি শিথিলযোগ্য।<br>ক গুচ্ছ ঃ পদার্থ বিজ্ঞান ও গণিত।<br>খ গুচ্ছ ঃ রসায়নবিজ্ঞান/ ভূগোল ও পরিবেশ/ উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান।<br>গ গুচ্ছ ঃ উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান।<br>ঘ গুচ্ছ ঃ পদার্থবিজ্ঞান/ রসায়নবিজ্ঞান / ভূগোল ও পরিবেশ/ গণিত। |
| ক) বি বি এস(পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ ঃ বিষয়সমূহ – অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। |

উল্লেখ্য যে, ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের গুচ্ছ মোতাবেক সঠিকভাবে বিষয় নির্বাচন করতে হবে। অন্যথায় গুচ্ছ গরমিলের কারণে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র. সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১২।১২।২০২৩
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর। ১২।১২।২০২৩

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। আহ্বায়ক, ডিগ্রি (পাস)-১ম বর্ষ ভর্তি কমিটি ২০২২-২০২৩।
৩। কলেজ ওয়েব সাইট: **www.chandpurcollege.edu.bd**
৪। অফিস নথি।